

চট্টগ্রাম ১৮ জুলাই ১৯৯৭ ত্রিবুনার ঢ শ্রাবণ ১৪০৪ দৈনিক পূর্বকোণ

পূর্ব পাকিস্তানিদের স্বার্থের প্রশ্নে বলিষ্ঠ ভূমিকা রেখেছেন ফজলুল কাদের চৌধুরী

মিজানুর রহমান চৌধুরী

七八

মরহম ফজলুল কাদের চৌধুরীর সাথে আমার সম্পর্ক অত্যন্ত নিবিড় ছিলো। যখন তিনি পাকিস্তান জাতীয় পরিষদের স্পিকার ছিলেন। এর পূর্বে পাকিস্তান প্রতিষ্ঠার সপ্তামে তাঁর বলিষ্ঠ ভূমিকার কথা আমরা জানি। চট্টগ্রামে মুসলিম সীগ সংগঠিত করার মধ্য দিয়েও তাঁর গ্রচুর অবদান ছিলো।

১৯৬২ সালে জনাব ফজলুল কাদের চৌধুরী জাতীয় পরিষদে মন্ত্রী হিসেবে (কৃষি) শপথ নেন। কিন্তু যদ্বৰ্তু তাঁর দীর্ঘস্থায়ী হয় নি। তাঁর প্রধান কারণ হলোঃ তৎকালীন পূর্ব পাকিস্তান চাকুরী প্রাধীনের জন্য সেক্রেটারীয়েটের সঙ্গে তাঁর গুরুতর মতবিভ্রান্তি হয়।

পরবর্তীকালে পাকিস্তান জাতীয় পরিষদের স্পিকার হিসেবে জনাব ফজলুল কাদের চৌধুরীর অবদান আমি অন্ধকার সাথে খুরঙ করি। একটি ঘটনা উল্টোখ করলেই এর প্রমাণ পাওয়া যাবে। তিনি আমাদেরকে বলতেন, “তোমরা পূর্ব পাকিস্তানীদের কথা বলে যাও, আমি চেয়ার থেকে যাতোই অর্ডার, অর্ডার, বলে হাতুড়ি পেটাবো তাতে তোমরা কর্ণপাত করিওনা। কিন্তু যখন দেখবে যে আমি আমার আসন হইতে উঠিয়া দাঁড়াইয়াছি তখন বসিয়া যাইও।”

তিনি মুসলিম সীগার হিসেবে স্বাধীনতার বিরোধী ছিলেন কিন্তু পূর্ব পাকিস্তানীদের স্বার্থের প্রশ্নে আমি তাঁকে অত্যন্ত বলিষ্ঠ ভূমিকা গ্রহণ করতে দেখেছি। আমি তাঁর শাস্তি কামনা করি।